**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Dr. Prasad Mukherjee**

দেশের বিশিষ্ট রাজনীতিবিদ, শিক্ষাবিদ ডঃ  শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আজ ১২৫ তম জন্মদিবস ।সারা দেশের সঙ্গে রাজ্যেও তাঁর জন্ম dibos  পালনের আয়োজন করা হয়েছে। আগরতলায় আজ মুক্তধারা অডিটরিয়ামে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। যেখানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ভারতীয় জনতা পার্টির উদ্যোগে রাজ্যের বিভিন্ন স্থানে তাঁর  জন্ম জয়ন্তী পালনের কর্মসূচী নেওয়া হয়েছে।  রাজধানী আগরতলার বিভিন্ন স্থানে আজ সকালে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়। ১৯0১ সালে জন্ম ডঃশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ছিলেন একজন ভারতীয় রাজনীতিবিদ, ব্যারিস্টার এবং বিশিষ্ট শিক্ষাবিদ। যিনি জওহরলাল নেহেরুর মন্ত্রী সভায় ততকালীন  ভারতের প্রথম শিল্প ও সরবরাহ মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে "নেহরু-লিয়াকত" চুক্তির বিরোধিতা করে তিনি নেহেরুর মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। তিনি ১৯৫১ সালে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সহযোগিতায় ভারতীয় জনসঙ্ঘ দল প্রতিষ্ঠা করেন তিনি  যা পরে ভারতীয় জনতা পার্টিতে পরিনত হয়।

******************

**KHARCHI .**

পুরান আগরতলার চতুর্দশ দেবতা মন্দিরে সাতদিন ব্যপি ঐতিহ্যবাহী খার্চি পূজা ও উৎসবের আজ চতুর্থ দিন। সকাল থেকে পূজো দিতে মন্দিরে পূন্যার্থীদের ভির শুরু হয়েছে। গতকালও খার্চি মেলায় গভীর রাত পর্যন্ত লোক সমাগম ছিল। কেনাকাটা চলে।

***********************

**P.M visit at Brazil .**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঁচ দেশ সফরের চতুর্থ পর্যায়ে আজ ব্রাজিলের রিও ডে জেনিরিওতে পৌঁছেছেন ।রিও ডি জেনেরিওতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৭তম ব্রিকস সম্মেলনে অংশগ্রহন করবেন। ব্রিকস সম্মেলনে প্রধানমন্ত্রী গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বিষয়গুলির উপর আলোচনা করবেন, যার মধ্যে রয়েছে বিশ্ব পরিচালন ব্যবস্থার সংস্কার করা , শান্তি ও নিরাপত্তা, বহুপাক্ষিকতা শক্তিশালী করা, কৃত্রিম বুদ্ধিমত্তার দায়িত্বশীল ব্যবহার, জলবায়ু পরিবর্তন , বৈশ্বিক স্বাস্থ্য, অর্থনৈতিক বিষয়, প্রভৃতি ।

শ্রী মোদী ব্রাসিলিয়ায়ও সফর করবেন, যেখানে তিনি ব্রাজিলের রাষ্ট্রপতি লুইজ ইনাসিও লুলা দা সিভালার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন|

*********************

**NF Railway :**

চলতি অর্থ বছরেই আগরতলা পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন চলাচলের সম্ভাবনা রয়েছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে মুখ্য জন সহযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আকাশবানীর প্রতিনিধিকে জানিয়েছেন পাহাড় লাইনের কিছু অংশে রেললাইনে বৈদ্যুতিকরনের কাজ চলছে। তা সম্পূর্ণ হলেই এই পথে বৈদ্যুতিক ট্রেন চলাচল শুরু করা হবে। ( Byte NF Railway…… )

************************

**India in 4th Rank in Equal Society:**

বিশ্ব ব্যাংক ভারতকে বিশ্বের সবচেয়ে সমতাভিত্তিক সমাজগুলির মধ্যে স্থান দিয়েছে। বিশ্ব ব্যাংকের তথ্য অনুযায়ী, ভারতের গিনি সূচক ২৫.৫, যা ভারতকে বিশ্বের চতুর্থ সবচেয়ে সমতাভিত্তিক দেশের মর্যাদা দিয়েছে ।এই পর্যায়ে স্লোভাক প্রজাতন্ত্রী, স্লোভেনিয়া এবং বেলারুশের পরেই রয়েছে ভারত।। গিনি সূচক একটি সহজ কিন্তু শক্তিশালী উপায় যার মাধ্যমে একটি দেশের আয়, সম্পদ বা ভোগ্যপণ্যের সমান বিতরণ কীভাবে হচ্ছে তা বোঝা যায়।

**Dharti Aba janajatiya Gram Utkarsha Abhiyan :**

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসেবে গত শুক্রবার সিপাহীজলা জেলার চড়িলাম ব্লকের অধীন রংমালা এডিসি ভিলেজ এলাকায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়| বিশালগড় মহকুমা প্রশাসনের উদ্যোগে ও এডিসি ভিলেজটির সহায়তায় আয়োজিত এই শিবিরে আধার, পি.আর.টি.সি, জন্ম-মৃত্যুর শংসাপত্র সহ বিভিন্ন সরকারি পরিষেবা গ্রহণ করেন এলাকাবাসী।

*************

**Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপ থেকে প্লেট গ্রুপে নেমে গেছে কমলপুর মহকুমা।গতকাল নরসিংগড়ের পিটিএ মাঠে অবনমন ঠেকানোর নির্ণায়ক খেলায় শান্তিরবাজার ৬ উইকেটে হারায় কমলপুরকে। ফলে শান্তিরবাজার এলিট গ্রুপে রয়ে যায়।

***************

**Weather.**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় , আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। তবে, দক্ষিণ জেলা, গোমতী জেলা ও সিপাহীজলা জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টি পাতের সতর্কতা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ০.২ মিলিমিটার।

****************

************